

বিমানের ঢাকা-দুবাই রুটে ফ্লাইট সূচি পরিবর্তন

- A Monitor Desk Report

Date: 16 December, 2021



ঢাকা-দুবাই রুটে প্রতিদিন ফ্লাইট পরিচালনাকারী সংস্থা বিমান বাংলাদেশ এয়ারলাইন্স নিয়মিত ফ্লাইটে পরিবর্তন এনেছে বলে জানিয়েছে। আজ ১৬ ডিসেম্বর থেকে ৯ ফেব্রুয়ারি পর্যন্ত নিয়মিত ফ্লাইট বিজি ০৪৭ স্থানীয় সময় রাত ৮টা ৩৫ মিনিটের পরিবর্তে প্রতিদিন সন্ধ্যা ৭ টা ৪৫ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে দুবাইয়ের উদ্দেশ্যে ছেড়ে যাবে। তবে ১৬ ডিসেম্বর দুবাইগামী বিশেষ ফ্লাইট বিজি ৪০৪৭ নির্দিষ্ট সময়ে অর্থাৎ স্থানীয় সময় বিকাল ৪ টায় ঢাকা থেকে দুবাইয়ের উদ্দেশ্যে যাত্রা করবে। বিমান বাংলাদেশ এয়ারলাইন্স ঢাকা-দুবাই রুটে সপ্তাহে প্রতিদিন ফ্লাইট পরিচালনা করে থাকে। দুবাইগামী সব যাত্রীকে ফ্লাইট ছাড়ার অন্তত ৮ ঘণ্টা পূর্বে বিমানবন্দরে উপস্থিত হয়ে প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করার জন্য বিশেষভাবে অনুরোধ করেছে কর্তৃপক্ষ। দুবাই থেকে প্রতিদিন সেখানকার স্থানীয় সময় রাত ২টায় বিমানের ফ্লাইট বাংলাদেশের উদ্দেশ্যে যাত্রা করে।